**Times Today BD**

ইমরান হোসেন রাজ | খুলনা | 05 May, 2025

বিএনপির  ভাইস চেয়ারম্যান অধ্যাপক নার্গিস বেগম বলেছেন জনগণ কাকে ভোট দেবে সেটা তাদের একান্ত বিষয়।কিন্তু জনগণ তাদের  ভোটের অধিকার ফিরিয়ে পেতে চায়।তারা যে ভোটাধিকারে কথা বলছেন, আমরাও সেই ভোটাধিকারের কথা বলছি। কিন্তু ভোট নিয়ে অনেক চক্রান্ত হচ্ছে। প্রথমে তিন মাস ছয় মাসের পর  ডিসেম্বরে ভোটের কথা বলে, সামনের বছর এপ্রিলে ভোটের কথা বলা হচ্ছে।এ লক্ষণ ভালো নয়, আমাদের সকলকে সজাগ থাকতে হবে। ভোট নিয়ে জনগণের সাথে কোন তালবাহানা চলবে না। অবিলম্বে তাদের ভোটাধিকার ফিরিয়ে দিতে হবে।ভোটের মাধ্যমে জনগণের সমর্থনে যে সরকার নির্বাচিত হবে। সেই গণতান্ত্রিক সরকার দেশের উন্নয়ন সংস্কার করবে।

আজ (সোমবার)  সদর উপজেলার রামনগর ইউনিয়ন মহিলা দল আয়োজিত মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। দেশের বিরাজমান পরিস্থিতি পর্যালোচনা ও তৃণমূলে মহিলা দলকে শক্তিশালী করার লক্ষ্যে সমাবেশ অনুষ্ঠিত হয়। রাজারহাট বাজারে অনুষ্ঠিত সমাবেশে অধ্যাপক নার্গিস বেগম ভোটাধিকার প্রতিষ্ঠার জন্য সকলকে সোচ্চার হওয়ার আহ্বান জানিয়ে আরও বলেন, জনগণ কাকে ভোট দেবে এটা পরের কথা।আগে তাদের ভোটাধিকার প্রতিষ্ঠা করতে হবে।অন্যথায় ফ্যাসিস্ট শেখ হাসিনা ও তার দোসরা মাথাচাড়া দেওয়ার সুযোগ পবে।ফ্যাসিস্ট শেখ হাসিনা ও তার দোসররা বিষধর সাপের মতো।সুযোগ পেলে তারা আবারও বিষধর সাপের মতো ছোবল মারবে।তাই কোন অবস্থাতেই ফ্যাসিস্ট আওয়ামী লীগের দুই মাথা এক সাথে হতে দেওয়া যাবে না। সমাবেশে বিশেষ

অতিথির বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন খোকন।

জেলা মহিলা দলের নারী ও শিশু বিষয়ক সম্পাদক জাহানারা বেগমের সভাপতিত্বে মহিলা সমাবেশ  অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন জেলা মহিলা দলের সভাপতি রাশিদা রহমান, সদর উপজেলা মহিলা দলের সভাপতি হাসিনা ইউসুফ, সাধারণ সম্পাদক মনোয়ারা মোস্তফা, সাংগঠনিক সম্পাদক হালিমা লতিফ,  বিএনপি নেতা মাসুদুর রহমান শামীম,

সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব রাজু আহমদ, যুবদল নেতা মাযহারুল ইসলাম রাজিব, লিটন সরদার, মহিলা দল নেত্রী কোহিনূর আক্তার, খুশি বেগম, ইতি খাতুন, ছাত্রদল নেতা মামুন হোসেন  প্রমুখ। মহিলা সমাবেশ পরিচালনা করেন সদর উপজেলা মহিলা দলের সিনিয়র সহসভাপতি সেলিনা পারভীন শেলী।

ভোট জনগণ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:01

URL: https://www.timestodaybd.com/khulna/6897421990